

# DOE পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য

20 এপ্রিল, 2021

## বিষয়সূচি

- সিনিয়র ট্রানজিশন কিকঅফ শুরু হবে 19 এপ্রিল
- সামার রাইজিং রেজিস্ট্রেশন শুরু হবে 26 এপ্রিল
- CCEC ভোট গ্রহণ শুরু হবে 1 মে

## সিনিয়র ট্রানজিশন কিকঅফ

সকল হাই স্কুল সিনিয়রের পরিবারদের আহ্বান জানানো হচ্ছে।

সোমবার, 19 এপ্রিল থেকে শুক্রবার, 30 এপ্রিল পর্যন্ত, সিনিয়র ও তাদের পরিবারেরা কিছু ধারাবাহিক অন-লাইন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে যেগুলো গ্র্যাজুয়েশন পরবর্তী জীবনের ধাপটি শুরু করতে তাদের সহায়তা করবে। অনুষ্ঠানের বিষয়গুলোর মধ্যে রয়েছে:

- ফাইন্যানশিয়াল এইড ওয়ার্কশপ, 10-টি ভাষায়
- গ্র্যাজুয়েশনের পর কী প্রত্যাশা করতে পারে সেজন্য প্রস্তুতি
- সেকেন্ডারি-পরবর্তী উত্তরণের জন্য প্রস্তুত হতে গ্রীষ্মকালীন মাসগুলোকে ব্যবহার করার উপায়সমূহ
- 2021-এর হেমন্তে (ফল-এ) সহায়তা লাভ করেছে এবং কীভাবে সেগুলো পাওয়া যাবে
- গুরুত্বপূর্ণ কিছু স্মারক সম্পর্কে টেক্সট অ্যালাট এবং পরবর্তী ধাপসমূহ

সিনিয়র ট্রানজিশন কিকঅফ সম্পর্কে [bit.ly/SeniorTransitionKickoff21](http://bit.ly/SeniorTransitionKickoff21) -ওয়েবসাইটে আরো জানুন

## সামার রাইজিং

শিক্ষার্থীদের জন্য গ্রীষ্মকালটি (সামার) আরো উদ্দীপনাময় হতে যাচ্ছে।

সোমবার, 26 এপ্রিল থেকে শুরু করে, নিউ ইয়র্ক সিটির পরিবারেরা সামার রাইজিংয়ের জন্য সাইন আপ করা শুরু করতে পারে; এটি অংশগ্রহণে আগ্রহী যেকোনো K-12 গ্রেডের শিক্ষার্থীর জন্য সিটির বিনামূল্যে প্রদানকৃত একটি কর্মসূচি।

এই হেমস্তে (ফল-এ) স্কুলে ফিরে আসায় সেতুবন্ধন তৈরি করার জন্য সামার রাইজিং NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের শিক্ষায়তনিক শক্তির সাথে NYC ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্টের স্কুল-ভিত্তিক সমৃদ্ধিমূলক প্রোগ্রামিংয়ের সমন্বয় করে। এবং এটা পিতামাতাদের চাকুরিতে ফিরে যেতে স্বস্তি প্রদান করে।

সামার রাইজিং প্রতিটি নেইবারহুডে লভ্য রয়েছে। K-8 গ্রেডের শিক্ষার্থীদের জন্য প্রোগ্রামগুলো হবে পূর্ণ-দিবসের, সশরীরে উপস্থিত অভিজ্ঞতা যা বিশ্বস্ত কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলোতে নিরাপদ ও সহায়ক পরিবেশে স্থানীয় স্কুল নেতৃত্বদ্বারা পরিচালিত হবে। প্রতিটি প্রোগ্রাম শিক্ষাগত সহায়তা, আর্ট, ও পাঠ্যক্রম বহির্ভূত বিনোদন অফার করবে, এবং শিক্ষার্থীদের সামাজিক ও আবেগজনিত চাহিদা পূরণে স্টাফ সদস্যগণ প্রস্তুত থাকবেন। সামার রাইজিং প্রোগ্রামগুলো শিক্ষার্থীদের স্থানীয় পার্ক, পুল, ও অন্যান্য সমৃদ্ধিমূলক বাহ্যিক কর্মসূচিতে ফিল্ড ট্রিপ অফার করবে যা শিক্ষামূলক এবং স্টেটের স্বাস্থ্য ও সুরক্ষার নীতি অনুসারে পরিচালিত হবে।

সামার রাইজিংয়ের সকল প্রোগ্রামগুলো কঠোর স্বাস্থ্য ও সুরক্ষার নিয়ম-নীতি অনুসরণ করবে, এতে রয়েছে পারস্পরিক দূরত্ব এবং মাস্ক পরিধান, এবং প্রতিটি অবস্থানে থাকবে টেস্টিং, নাসিং সহায়তা, ও টেলেহেলথ কল সেন্টার। অতিরিক্তভাবে, প্রত্যেক শিক্ষার্থীকে ব্রেকফাস্ট, লাঞ্চ, এবং একটি স্ন্যাক দেয়া হবে।

সামার রাইজিং সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন [schools.nyc.gov/summer](https://schools.nyc.gov/summer). 26 এপ্রিল থেকে রেজিস্টার করার জন্য, ভিজিট করুন [discoverdycd.dycdconnect.nyc](https://discoverdycd.dycdconnect.nyc).

## ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট

**সিটি এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোর জন্য ভোট গ্রহণ এক সপ্তাহের মধ্যে শুরু হবে!**

প্রথম বারের মত, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থীর প্রত্যেক পিতামাতা অথবা অভিভাবকের তাদের এডুকেশন কাউন্সিল প্রতিনিধির জন্য ভোটদানের সুযোগ রয়েছে!

সিটি অ্যান্ড কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলো (CCECs) আমাদের পরিবারদের কণ্ঠ হিসেবে কাজ করে, যেগুলো চ্যান্সেলর ও NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনকে গুরুত্বপূর্ণ উপদেশ প্রদান করে। ভোট গ্রহণ **শনিবার, 1 মে** শুরু হবে এবং **মঙ্গলবার, 11 মে** শেষ হবে।

ভোট দেয়ার জন্য, আপনার শুধুমাত্র একটি NYC স্কুলস অ্যাকাউন্ট ([mystudent.nyc](https://mystudent.nyc)) প্রয়োজন হবে যেটায় আপনার সকল শিক্ষার্থী রেজিস্টারকৃত আছে। NYC স্কুলস অ্যাকাউন্ট সম্পর্কে আরো জানতে [schools.nyc.gov/NYCSA](https://schools.nyc.gov/NYCSA) ভিজিট করুন। আপনার যদি একটি NYC স্কুলস অ্যাকাউন্ট না থেকে থাকে, অথবা আপনার সন্তানকে আপনার বিদ্যমান অ্যাকাউন্টে রেজিস্টার করাতে চান, তবে সহায়তা পেতে অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।